

স্থগিতের সিদ্ধান্ত পরিবর্তন

কর্মবিরতি চালিয়ে যাওয়ার ঘোষণা প্রাথমিক শিক্ষকদের

অনলাইন ডেক্স



ফাইল ছবি

রাজধানীর কেন্দ্রীয় শহীদ মিনারে আন্দোলনরত
সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নেতাদের
সঙ্গে রবিবার রাতে বৈঠকে বসে প্রাথমিক ও
গণশিক্ষা মন্ত্রণালয়। তবে মন্ত্রণালয় দাবি মানার
আশ্বাস দিলেও অর্থ মন্ত্রণালয় থেকে চূড়ান্ত
সিদ্ধান্ত না আসা পর্যন্ত অবস্থান কর্মসূচি ও
সারাদেশে শিক্ষকদের কর্মবিরতি অব্যাহত
রাখার ঘোষণা দিয়েছেন শিক্ষক নেতারা।

মন্ত্রণালয়ের আশ্বাসে সারাদেশের প্রাথমিক
বিদ্যালয়ের কর্মবিরতি স্থগিত করে অবস্থান
কর্মসূচির ঘোষণা দিলেও পরে সব কর্মসূচি

বহাল রাখা হয়। ওই বৈঠকে সভাপতিত্ব করেন
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের আবু তাহের
মো. মাসুদ রানা।

সভা শেষে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির
(শাহিন-লিপি) সাধারণ সম্পাদক খায়রুন নাহার
লিপি রবিবার রাত সাড়ে ৯টায় বলেন, সোমবার
সন্ধ্যা সাড়ে ৫টায় অর্থ মন্ত্রণালয়ের সঙ্গে
আমাদের আরেকটি বৈঠক হবে। সে পর্যন্ত
কর্মবিরতি স্থগিত থাকবে। তবে কেন্দ্রীয় শহীদ
মিনারে আমাদের লাগাতার অবস্থান কর্মসূচি ও
সমাবেশ চলবে।

পরে কর্মবিরতি অব্যাহত রাখার ঘোষণাটি
আসে।

রাতে অ্যাসিস্ট্যান্ট টিচার্স অব জিপিএস বিডি
ফেসবুক পেজে একটি ঘোষণা দেওয়া হয়েছে।
খাইরুন নাহার লিপির বরাত দিয়ে ওই পোস্টে
বলা হয়েছে, রাত ১১টায় সিদ্ধান্ত পরিবর্তন
হয়েছে। অবস্থান কর্মসূচি ও ক্লাস বর্জন কর্মসূচি
অব্যাহত থাকবে।

